# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 19 June, 2025

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সহধর্মিণী ডা. জোবায়দা রহমানের জন্মবার্ষিকী উপলক্ষে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) বিভিন্ন স্থানে বৃক্ষরোপণ করেছে বিশ্ববিদ্যালয় ছাত্রদলের নেতৃবৃন্দ।

বুধবার (১৮ জুন) বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সদস্য সচিব মোস্তাফিজুর রহমান শুভ-র নির্দেশে এই কর্মসূচি পালন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক সাগর আহমেদ ও সাফায়েত হোসেন সজল, বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সদস্য আশরাফুজ্জামান মুন্না, মোঃ জিসান, সাইফুল মালেক আকাশ, মোহাম্মদ আবদুল্লাহ আল মাসুদ, মোঃ নাঈম, মোঃ তানভির আলম তোহা, মোঃ নাহিদ হাসান, মোঃ ফারভেজ মিয়া প্রমোখ।

বৃক্ষরোপন কর্মসূচি সম্পর্কে জানতে চাইলে বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সদস্য সচিব মোস্তাফিজুর রহমান শুভ বলেন, 'বর্ষার সময়ে গাছ লাগানো খুবই ইতিবাচক এবং বৃক্ষরোপণ আমাদের পরিবেশের জন্য কার্যকর ভূমিকা রাখবে।বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান দেশনায়ক তারেক রহমানের নির্দেশে সারাদেশে ৫ কোটি গাছ লাগানোর পরিকল্পনা থেকে আমি আমাদের নেতাকর্মীদের ডা. জোবায়দা রহমানের জন্মদিন উপলক্ষে ঔষধি নিম গাছ, কাঠ বাদাম, জলপাই, অলবরই ও কদম গাছ উপহার দেই এবং এগুলো ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ স্থানে লাগাতে পরামর্শ দেই।আমাদের ছাত্রদলের নেতাকর্মীরা পূর্বেও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্থানে গাছ রোপন করেছেন, এটি আমাদের ধারাবাহিক একটি কার্যক্রম।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক সাগর আহমেদ বলেন, 'প্রখ্যাত চিকিৎসক ডাঃ জোবায়দা রহমানের জন্মদিন উপলক্ষে বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সদস্য সচিব- মোস্তাফিজুর রহমান শুভ ভাইয়ের নির্দেশে আমরা বিশ্ববিদ্যালয় বিভিন্ন প্রজাতির ঔষধি ও ফলের গাছ রোপন করি।আমাদের দেশের মানুষ বন ধ্বংস করে ও গাছ কেটে পরিবেশ নষ্ট করছে যা আমাদের আগামী সময়ে দেশে আবহাওয়া পরিবর্তনে বিপর্যয় ডেকে আনবে, তাই পরিবেশের ভারসাম্য রক্ষায় আমাদের এই ক্ষুদ্র প্রচেষ্টা।

বৃক্ষরোপণ সম্পর্কে জানতে চাইলে বিশ্ববিদ্যালয় ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক সাফায়েত হোসেন সজল বলেন, 'গাছ আমাদের পরিবেশ ও জীববৈচিত্র রক্ষায় অগ্রণী ভুমিকা রাখে।বৈশ্বিক আবহাওয়া পরিবর্তন ও মানুষ দ্বারা গাছ নিধনের ফলে আমাদের ইকো সিস্টেমের অনেক ক্ষতি হচ্ছে,আমাদের পরিবেশ বিপর্যয় দেখা দিয়েছে।বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান দেশনায়ক তারেক রহমানের ৫ কোটি বৃক্ষরোপণের পরিকল্পনায় আমরা অনুপ্রাণিত হয়ে আমাদের সদস্য সচিব শুভ ভাইয়ের নির্দেশে আমরা আজ ৪০ টি ফলজ ও ঔষধি বৃক্ষ রোপণ করেছি। ইনশাআল্লাহ, আমাদের বৃক্ষরোপণ কর্মসূচি সহ পরিবেশবান্ধব ক্যাম্পাস বিনির্মাণে আমাদের কার্যক্রম চলমান থাকবে।

কুমিল্লা বিশ্ববিদ্যালয় বৃক্ষরোপণ ডা. জোবায়দা রহমান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 20 June, 2025 01:06

URL: https://timestodaybd.com/campus/7758073498